সাতক্ষীরা পৌরসভা
https://pourashava.satkhira.gov.bd/en

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

নিয়োগ বিজ্ঞপ্তি

নং : ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৯.১৯.১৯.১৭১ তারিখ : ১২ মে , ২০২৪ খ্রিস্টাব্দ

স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৯.১৯.৫০৯ তারিখ : ২২ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ ছাড়পত্র অনুযায়ী অত্র পৌরসভার নিম্ন বর্ণিত শূন্য পদসমূহে কর্মচারী নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী প্রকৃত নাগরিকগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে (http://satp.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (online) এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদনপত্র গ্রহণ করা হবে না।

ক্রমিক নং	পদের নাম	বেতনক্রম ও গ্রেড	পদ সংখ্যা	যোগত্যসমূহ
০১	সহকারী কর আদায়কারী	৯৭০০-২৩৪৯০/ ১৫ তম	০১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী।
০২	সার্ভেয়ার	৯৭০০-২৩৪৯০/ ১৫ তম	০১	স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সার্ভেয়ারশীপ অথবা সাব-ওভারশীপ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।
০৩	সহকারী এ্যাসেসর	৯৭০০-২৩৪৯০/ ১৫ তম	০১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী।
০৪	বাজার পরিদর্শক	১০২০০-২৪৬৮০/ ১৪ তম	০১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। **(অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে)**
০৫	আদায়কারী (বাজার শাখা)	৯৩০০-২২৪৯০/ ১৬ তম	০১	স্বীকৃত শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।
০৬	স্বাস্থ্য সহকারী	৯৩০০-২২৪৯০/ ১৬ তম	০১	স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ.এস.সি পাশ (বিজ্ঞান বিভাগ/জীববিজ্ঞানসহ) বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।
০৭	নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক	৯৩০০-২২৪৯০/ ১৬ তম	০১	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলা ৩০ এবং ইংরেজিতে ৪০ শব্দের গতি থাকিতে হইবে।
০৮	কার্য সহকারী	৯৩০০-২২৪৯০/ ১৬ তম	০১	সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসহ স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে।
০৯	ট্রাক চালক/ট্রাক্টর চালক	৯৭০০-২৩৪৯০/ ১৫ তম	০১	অষ্টম শ্রেণী পাস। ভারী যানবাহন চালনায় বৈধ লাইসেন্সধারী হইতে হইবে এবং ০৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
১০	অফিস সহায়ক	৮২৫০-২০০১০/ ২০ তম	০১	অষ্টম শ্রেণী পাস।

CamScanner

শর্তাবলি;

১. আবেদনকারি টেলিটক বাংলাদেশ লিমিটেড এর http://satp.teletalk.com.bd ঠিকানায় আবেদন করতে হবে। এবং আবেদনের সময়সীমা ১৯ মে ,২০২৪ খ্রিস্টাব্দ আবেদন শুরু হবে সকাল ১০.০০ ঘটিকায় হতে এবং হতে ০৮ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত আবেদন করা যাবে। এবং পরবর্তী ৭২ ঘন্টা পর্যন্ত আবেদন ফি পরশোধ করা যাবে।

২. সকল পদের জন্য ০৫ জুন, ২০২৪ খ্রিস্টাব্দে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা প্রার্থীদের বেলায় বয়সসীমা ৩২ বছর পর্যন্ত। এ ক্ষেত্রে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ অবশ্যই ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে বয়স ৩২ বছর এবং এবং প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়স ৩২ বছর হবে।

৩. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪. কোনরূপ সুপারিশ ও তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

৫.সরকারী ফি ,পরীক্ষা পরিচালন ব্যয় [টেলিটকের কমিশন] সহ ৫৫৮/- (পাঁচশত আটান্ন টাকা), টেলিটকের মাধ্যমে প্রদান করতে হবে।

৬.এই নিয়োগ প্রক্রিয়া সংক্রান্ত সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

৭. নিয়োগ পরীক্ষার ৮০ নাম্বারে লিখিত পরীক্ষা ও ২০ নাম্বার মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ০২ (দুই) ঘন্টা বিরতিহীন।

৮. মৌখিক পরীক্ষার সময় Applicant's Copy ও Admit Card এবং অন্যান্য সনদের মূল কপি ভাইবা বোর্ডের নিকট উপস্থাপন করতে হবে।

৯. একই প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেনা।

১০. অস্পূর্ণ ও ত্রূটিযুক্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হইবে।

১১.পরীক্ষায় অংশগ্রহনকারীদের জন্য কোন প্রকার টি-এ/ডি দেওয়া হবে না।

১২. যে কোন কারণ দর্শানো ব্যতীরেকে নিয়োগ বাতিল বা তারিখ পরিবর্তন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩. সরকারী বিধি মোতাবেক সকল প্রকার কোটা সংরক্ষণ করা.

১৪. কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫. প্রাথমিক ভাবে যাচাই-বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষা আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবল মাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারী ১ম শ্রেণী গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখ সহ) কর্তৃক সত্যায়িত হতে হবে।

১৬. এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে) এবং প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা এর নোটিশ বোর্ডের মাধ্যমে অথবা https://pourashava.satkhira.gov.bd/en ওয়েব সাইটে জানা যাবে।

SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষা ফি প্রদান:

Online আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Review দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID,ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন ভুল তথ্য থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা। খোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download

CamScanner

করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং পরবর্তীতে User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-প্রেইড মোবাইল নম্বর এর মাধ্যমে ০২ (দুইটি) এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ থেকে ১০ পর্যন্ত পদের জন্য ৫০০/- ও টেলিটক এর সার্ভিস চার্জ ৫৮/- টাকা সহ মোট ৫৫৮/- (পাঁচশত আটান্ন টাকা, অফেরতযোগ্য) অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য Online আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষা ফি জমা না দেওয়া পর্যন্ত এ আবেদনপত্র কোন অবস্থায় গৃহীত হবে না।

প্রথম এস এম এস;

SATP<Space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নাম্বারে।
Example: SATP ABCDEF
Reply SMS: Applicant Name: ....TK ৫৫৮..will be charged as application Fee. Your PIN is XXXXXXXXXXX
To pay fee type SATP <Space>YES< Space>PIN and Send to ১৬২২২ Number

দ্বিতীয় এস এম এস;

SATP<Space>**YES**<Space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নাম্বারে।
Example: SATP ABCDEF

১৭. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://satp.teletalk.com.bd অথবা https://pourashava.satkhira.gov.bd/en ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইলফোনে এস এম এস এর মাধ্যমে (শুধু মাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নাম্বারটি সার্বক্ষণিক সচল রাখা, এস এম এস পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

১৮.SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড পূর্বক প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময় অবশ্যই প্রদর্শন করবেন।

১৯. শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্ন বর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ক) User ID জানা থাকলে:

SATP<Space>**Help**<Space>**User**<Space>**User ID** and Send to ১৬২২২

খ) PIN Number জানা থাকলে:

SATP<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN Number** and Send ১৬২২২

২০. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও সাতক্ষীরা পৌরসভার https://pourashava.satkhira.gov.bd/en এবং http://satp.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (https://pourashava.satkhira.gov.bd) ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

CamScanner

২১. অনলাইন এ আবেদন করতে সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd অথবা টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটক জব ফেসবুক পেইজ https://www.facebook.com/alljobsbd Teletalk এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইল যোগাযোগ করা যাবে। Mail/মেসেজ এর Subject এ Organization Name ও SATP Post Name, Applicant's User ID ও Contract Number অবশ্যই উল্লেখ করতে হবে।

মৌখিক পরীক্ষার নিয়মাবলী

সাতক্ষীরা পৌরসভা কার্যালয় নিয়োগ বিজ্ঞপ্তি ২০২৪ এ প্রাথমিক ভাবে যাচাই বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূল কপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারী ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ) কর্তৃক সত্যায়িত হতে হবে।

২১। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মুল সনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্র/অনুমতিপত্র।

খ) বাংলাদেশী নাগরিক হিসাবে সংশিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) নাগরিকত্ব সনদ।

গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র।

ঘ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি।

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধার পুত্র কন্যা এবং পুত্র কন্যাগনেণ পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকার সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/প্রমাণক।

চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখ পূর্বক সংশিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

জ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত সংশিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ঝ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার দক্ষতার প্রমাণসরূপ সনদপত্র।

ঞ) ডাউনলোডকৃত Applicant's Copy ও এবং Admit Card এর রঙিন প্রিন্ট কপি।

২২. প্রার্থীকে লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাড়া দেয়া হবে না।

২৩. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইন আবেদন ও নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো প্রকার আপত্তি উত্থাপন করা যাবে না।

২৪. প্রার্থীকে লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সাতক্ষীরা পৌরসভা কার্যালয়ের নোটিশ বোর্ড ও (https://pourashava.satkhira.gov.bd/en) ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়া QR স্ক্যানের মাধ্যমে বাংলার একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ও ওয়েব সাইটে সরাসরি প্রবেশ বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

২৫. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

CamScanner

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

সাতক্ষীরা পৌরসভার পক্ষে

সাতক্ষীরা পৌরসভার **ওয়েবসাইটে প্রবেশ এর** QR Code	সাতক্ষীরা পৌরসভা এর টেলিটক পোর্টালে **প্রবেশ এর** QR Code

(নাজিম উদ্দীন)
সিনিয়র সহকারী সচিব (সিইও)
সাতক্ষীরা পৌরসভা

(নাজিম উদ্দীন)
প্রধান নির্বাহী কর্মকর্তা
সাতক্ষীরা পৌরসভা।

(কাজী ফিরোজ হাসান)
মেয়র (ভারপ্রাপ্ত)
সাতক্ষীরা পৌরসভা

(কাজী ফিরোজ হাসান)
মেয়র (ভারপ্রাপ্ত)
সাতক্ষীরা পৌরসভা।